

## 💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(৪২) ঈমানের ছয়টি রুকনের ব্যাপারে কুরআন মজীদে সংক্ষিপ্ত কোন দলীল আছে কি?

এ ব্যাপারে অনেক দলীল রয়েছে। আল্লাহ তা'আলা বলেনঃ

لَيْسَ الْبِرَّ أَنْ تُوَلُّوا وُجُوهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلَكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الآخِرِ وَالْمَلاَئِكَةِ وَالْكِتَابِ وَالنَّبِيّينَ

"তোমরা তোমাদের মুখমণ্ডল পূর্ব বা পশ্চিম দিকে প্রত্যাবর্তিত কর তাতে কোন পূণ্য নেই; বরং পূণ্য তার, যে ব্যক্তি আল্লাহ্, পরকাল, ফেরেশতাগণ, কিতাব ও নবীগণের প্রতি বিশ্বাস স্থাপন করে"। (সূরা বাকারাঃ ১৭৭) তাকদীর সম্পর্কে আল্লাহ তা'আলা বলেনঃ

إِنَّا كُلَّ شَيْءٍ خَلَقْنَاهُ بِقَدَرٍ

"আমি প্রত্যেক বস্তু সৃষ্টি করেছি নির্ধারিত পরিমাপে"। (সূরা কামারঃ ৪৯) আমরা ঈমানের প্রত্যেকটি রুকনের দলীল পৃথকভাবে অচিরেই উল্লেখ করব; ইনশা-আল্লাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2064

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন